গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
"ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট"
ঢাকা দক্ষিণ নগর ভবন, ১৪-১৫তলা (পূর্ব ব্লক)
৫, ফনিক্স ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০২.৩৭.০৪৮.১৭-৩৭ তারিখঃ ১১-০৪-২০১৭ খ্রিঃ

১। বিজ্ঞাপন ম্যানেজার
বিজ্ঞাপন শাখা, দৈনিক যুগান্তর
ক-২৪৪, প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯

২। বিজ্ঞাপন ম্যানেজার
বিজ্ঞাপন শাখা, দি ডেইলি ষ্টার
৬৪-৬৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ প্রসংগে।

আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট শীর্ষক প্রকল্প এর নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ভিতরের পাতায় ৩ কলাম প্রস্থ ১৬ ইঞ্চি দৈর্ঘ্য একদিন মাত্র প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। পত্রিকায় প্রকাশের পর ০২ (দুই) টি সৌজন্য কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করা হলে তা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে-২ পাতা।

১১.৪.১৭

প্রকল্প পরিচালক
ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট
ঢাকা দক্ষিণ নগর ভবন, ১৪তলা,
ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

অনুলিপিঃ

১। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ। তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি ডিটিসিএ'র Website-এ আগামী ১২-০৪-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে Upload করার জন্য অনুরোধ করা হলো।
২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের Website-এ আগামী ১৩-০৪-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে Upload করার জন্য অনুরোধ করা হলো।
৩। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট"

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

নগর ভবন, ১৪তলা (পূর্ব ব্লক)

৫, ফনিক্স ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

(www.dtca.gov.bd)

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০২.৩৭.০৪৮.১৭-৩৮ তারিখঃ ১১-০৪-২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় বাস্তবায়নাধীন Dhaka Integrated Traffic Management Project এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন (জুন/২০১৮) সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্ব বর্ণিত সর্বসাকুল্য (Consolidate) বেতনে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও সাকুল্য বেতন	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-৯, (সর্বসাকুল্য)	০১ (এক)	বয়সঃ অনুর্ধ -৩৫ বছর।	বিএসসি ইঞ্জিনিয়ার (সিভিল) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
০২।	উপ-সহকারী প্রকৌশলী গ্রেড-১০, (সর্বসাকুল্য)	০১ (এক)	বয়সঃ অনুর্ধ -৩৫ বছর।	ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (সিভিল) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।
০৩।	হিসাবরক্ষক গ্রেড-১১, (সর্বসাকুল্য)	০১ (এক)	বয়সঃ অনুর্ধ -৩২ বছর।	হিসাব বিজ্ঞানে স্নাতক ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।

শর্তসমূহঃ

১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদগুলো সম্পূর্ণ অস্থায়ীভাবে সর্বসাকুল্য বেতনে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন (জুন/২০১৮) সময়ের জন্য নিয়োগ করা হবে।

২। আবেদনপত্র ডিটিসিএ'র ওয়েব সাইট (www.dtca.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। যে সব পদে অভিজ্ঞতা চাওয়া হয়েছে তার সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নামসহ সীলযুক্ত) কর্তৃক সত্যয়িত করে আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পরীক্ষার ফি বাবদ "প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট" এর অনুকূলে ক্রমিক নং ১ - ২ পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা, এবং ক্রমিক নং- ৩ পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মুল কপি (অফেরতযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে।

৪। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এস.এস.সি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬। সরকার কর্তৃক নির্দেশিত কোটা পদ্ধতি অনুসৃত হবে।

৭। খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৮। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। আবেদন বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ ক্লিপ বোর্ড/কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪। উপরিউক্ত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সরকারের বিধিবিধান অনুসরণ করা হবে।

১৫। যেকোন বা সকল দরখাস্ত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আবেদনপত্র আগামী ০৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে কেবলমাত্র ডাকযোগে "প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট, ডিটিসিএ, ১৪তলা, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা"-এর বরাবরে পৌঁছাতে হবে।

১৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১৯। প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯"x ৪" সাইজের ডাকটিকেটসহ ১টি খাম আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

11.4.17

(মোঃ ইতরাত হোসেন জাকারিয়া)
প্রকল্প পরিচালক
ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট
ডিটিসিএ, ১৪তলা, দক্ষিণ নগর ভবন
ফুলবাড়িয়া, ঢাকা-১০০০

চাকরির আবেদন ফরম

৫' ৫ সে.মি.
ছবি

(সম্প্রতি তোলা, দুই কপি)

১.	পদের নাম:										
২.	বিজ্ঞপ্তির নম্বর	তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	

৩.	প্রার্থীর নাম:	বাংলায়:	
		ইংরেজিতে (বড় অক্ষরে):	
৪.	জাতীয় পরিচয় নম্বর:		(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:		
৫.	জন্ম তারিখ:	৬. জন্মস্থান (জেলা):	

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
৮.	মাতার নাম:			
৯.	পিতার নাম:			

১০.	ঠিকানা :	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্টকোড নম্বর:		
	উপজেলা :		
	জেলা :		
১১.	যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬ শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণী/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

<table>
<tr><td>১৮.</td><td colspan="4">অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):</td></tr>
<tr><td rowspan="2">১৯.</td><td rowspan="2">কোটা (টিক দিন):</td><td colspan="2">মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা</td><td>এতিম/শারীরিক প্রতিবন্ধী</td></tr>
<tr><td>ক্ষুদ্র নৃ-গোষ্ঠী</td><td>আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য</td><td>অন্যান্য (উল্লেখ করুন)</td></tr>
<tr><td rowspan="2">২০.</td><td colspan="2">চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর :</td><td>তারিখ:</td><td>দি | ন | মা | স | ব | ৎ | স | র</td></tr>
<tr><td colspan="4">ব্যাংক ও শাখার নাম</td></tr>
<tr><td>২১.</td><td>বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):</td><td>হ্যাঁ</td><td>না</td><td>প্রযোজ্য নয়</td></tr>
</table>

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	প্রার্থীর স্বাক্ষর